

2025

5th Semester Examination (CCFUP : NEP)

BENGALI

Paper : MJ 9-T (Single Core Major)

(কাব্য পাঠ)



Full Marks : 60

Time : Three Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

বিভাগ - ক

যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

- ১/ 'কে তারে রক্ষিবে, সখে, তুমি না রক্ষিলে?' — বক্তা কে? 'তুমি' বলতে কাকে বোঝানো হয়েছে? কখন একথা বলা হয়েছে?
- ২/ "যদি আঞ্জা দেহ, এবে পরিচয় দিব/সংক্ষেপে।" — সংক্ষেপে বক্তার পরিচয় দাও।
- ৩। "চিরি বক্ষঃ মনোদুঃখে লিখিনু শোণিতে/লেখন।" — বক্তা কে? কার প্রতি এই উক্তি? 'শোণিতে' কথাটির অর্থ লেখো।
- ৪। "এমন রাতে উদাস হয়ে কেমন অভিসারে/আসে আমার নেয়ে।" — কোন্ কাব্যের কত সংখ্যক বা কোন্ কবিতার অংশ? কবিতাটির রচনাকাল লেখো।

P.T.O.

৫। “চলিয়াছে বাকহারা এই বার্তা নিয়া” — বার্তাটা কী তা লেখো।
 ৬। “হেথা নয়, হেথা নয়, আর কোনখানে।” — কবিতাংশটি কোন্ কবিতার বা কত সংখ্যক কবিতার? কবিতাটির রচনার স্থান উল্লেখ করো।

৭। “এক-একবার মনে হচ্ছিলো আমার —” কবির কখন কী মনে হয়েছিল তা সংক্ষেপে লেখো।

৮। “এই সব ছিলো সেই জগতে একদিন।” ‘এইসব’ বলতে কী কী বোঝানো হয়েছে?

বিভাগ - খ

যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। “জীবন মরণ মম আজি তব হাতে।” — প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।

১০। “নীলধ্বজের প্রতি জনা পত্রিকা অবলম্বনে জনা চরিত্রের স্বরূপ সংক্ষেপে লেখো।

১১। “বলাকার শঙ্খ বিখাতার আহ্বান শঙ্খ, এতেই যুদ্ধের নিমন্ত্রণ ঘোষণা করতে হয়।” — মন্তব্যটির আলোকে ‘শঙ্খ’ কবিতাটি সংক্ষেপে আলোচনা করো।

১২। “এই তোর নব বৎসরের আশীর্বাদ / এই তোর রুদ্ধের প্রসাদ।” — কবিতাটি অবলম্বনে ‘আশীর্বাদ’ ও ‘রুদ্ধের প্রসাদ’-এর স্বরূপ আলোচনা করো।

১৩। ‘হায় চিল’ কবিতায় “চিল পাখি গগন বিহারী নিঃসঙ্গ প্রেমিক।” — মন্তব্যটি আলোচনা করো।

১২৩৫

১৪। ‘মানুষ কাউকে চায় — তার সেই নিহত উজ্জ্বল / ঈশ্বরের পরিবর্তে অন্য কোন সাধনার ফল।’ — প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো।

বিভাগ - গ

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

১৫। “মিলনোত্তর প্রেমের মঙ্গল-সৌন্দর্য প্রকাশিত হলেও নারী হৃদয়ের ভগ্ন আশা ও মর্মান্তিক দীর্ঘশ্বাস উচ্ছ্বসিত হয়ে উঠেছে — ‘দুখান্তের প্রতি শকুন্তলা’ পত্রিকায়।” — মন্তব্যটি বিচার করো।

১৬। “‘বলাকা’ কাব্যের ১ সংখ্যক (সবুজের অভিযান) কবিতায় কবি যৌবনকে আবাহন ও তার জয়গান করেছেন।” — এরূপ মন্তব্যের সার্থকতা আলোচনা করো।

১৭। “বিষ্ণু প্রকৃতি ও বিষ্ণু মানবের মধ্যে রূপ ও ভাবের নিরন্তর পরিবর্তন ও অগ্রমন এক বিশেষ সত্য রূপে প্রতিভাত হয়” — মন্তব্যটির আলোকে ৩৬ সংখ্যক (বলাকা) কবিতাটি আলোচনা করো।

১৮। ‘শিকার’ কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

১৯। ‘বনলতা সেন’ কবিতা অবলম্বনে কবি জীবনানন্দ দাশের প্রেমচেতনার পরিচয় দাও।